# এস এস সি পরীক্ষা ২০১৬ এর মডেল প্রশ্ন (সকল বোর্ডের জন্য)

## বাংলা প্রথম পত্র (সৃজনশীল)

বিষয় কোড: ১ ০ ১

সময় — ২ ঘণ্টা ১০ মিনিট

পূর্ণমান — ৬০

[দ্রষ্টব্য: দক্ষিণ পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। নিচের উল্লেখিত উদ্দীপকগুলো মনোযোগসহ পড়ে সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। প্রতিটি অংশ থেকে কমপক্ষে ১টি করে মোট ৬টি প্রশ্নের উত্তর দিতে হবে। একই প্রশ্নের উত্তরে সাধু ও চলিত ভাষারীতির মিশ্রণ দূষণীয়।]

### ক অংশ — গদ্য

১.▶ মেজর রায়হান সেনাবাহিনীর একজন সৎ ও নিষ্ঠাবান অফিসার। তিনি সাভার ক্যান্টনমেন্টে একটি ইউনিটের দায়িত্বে আছেন। সেদিন সাভারের পাশে অবস্থিত রানা প্লাজা ভবনের ধ্বসের খবর পেয়েই ক্যান্টনমেন্ট থেকে উদ্ধারকারী টিম নিয়ে ঘটনাস্থলে ছুটে যান। শুধু দেশের সেবা নয়, মানুষের প্রাণের টান থেকেই উদ্ধার কাজে যোগ দিয়েছেন। প্রচণ্ড ব্যস্ততায় কেটেছে কয়েকটি দিন। বিশ্রাম কাকে বলে তিনি যেন ভুলেই গিয়েছিলেন। দু'দণ্ড কথা বলার ফুসরত নেই।

ক. আমাদের কাব্য সম্পর্কে রোকেয়া সাখাওয়াত হোসেনের মত কী? ১

খ. আইন চর্চা অপেক্ষা কৃষি বিষয়ে জ্ঞানচর্চা করা কঠিন কেন? ২

গ. 'নিরীহ বাঙালি' প্রবন্ধের সাথে উদ্দীপকের বৈসাদৃশ্য নিরূপণ কর। ৩

ঘ. "উদ্দীপকটি 'নিরীহ বাঙালি' প্রবন্ধের বিপরীত ভাবেরই ধারক।"— মন্তব্যটির সত্যতা যাচাই কর। ৪

২.▶ বাড়ির পুরাতন চাকর কেষ্ট। সারাদিন অনেক খাটাখাটনির পরও দেখা যায় গিন্নি মায়ের বকার অন্ত থাকে না। কিন্তু এসব কিছু তার মনকে ব্যথিত করে না। সে মনের আনন্দে তার কর্তব্য পালন করে যায়। একবার গৃহকর্তা বাইরে বেড়াতে গেলে সেও সাথে যায় এবং সেখানে তিনি কঠিন রোগে আক্রান্ত হন। তখন গৃহকর্তার বন্ধুরা সবাই তাকে ফেলে পালিয়ে গেলেও কেষ্ট তার সেবা-যত্ন করে। কেষ্টের সেবা-যত্নে তিনি সুস্থ হয়ে ওঠেন। কিন্তু দুদিন পর কেষ্টকেই রোগটি আক্রমণ করে এবং কেষ্ট মারা যায়। একজন ভৃত্যের কাছ থেকে এমন ব্যবহার পাওয়া সত্যিই পরিবারের জন্য অনেক বড় পাওয়া।

ক. অপ্রতিভ শব্দের অর্থ কী? ১

খ. মমতাদির চোখ সজল হয়ে উঠেছিল কেন? ২

গ. উদ্দীপকে কেষ্টর মাঝে বিদ্যমান মমতাদির বিশেষ গুণটি ব্যাখ্যা কর। ৩

ঘ. প্রেক্ষাপট ভিন্ন হলেও উদ্দীপক ও 'মমতা'দি গল্পের মধ্যে সাদৃশ্য খুঁজে পাওয়া যায় কীভাবে? ব্যাখ্যা কর। ৪

৩.▶ নগদ সাড়ে তিন লাখ টাকা, সাড়ে সাত ভরি সোনার গহনা দিয়ে আদরের মেয়ে মমতা রানীকে মাত্র তিন মাস আগে শ্বশুরবাড়ি পাঠিয়ে ছিলেন নিতাই চন্দ্র পাল। কিন্তু বিয়ের দুই মাস না যেতেই আবারও টাকার জন্য চাপ

http://teachingbd.com

দিতে থাকেন জামাতা রাজন দাস। গতকাল শুক্রবার ভোরে মেয়ের ফোন পেলেন। মেয়ে কাঁদতে কাঁদতে বললেন, "বাবা, তুমি আইসা আমারে নিয়া যাও, ওরা আমারে মাইরা ফালাইতাছে।" ফোন পেয়ে ছুটে গেলেন মেয়ের শ্বশুরবাড়ি। ততক্ষণে মেয়ে আর জীবিত নেই। নিথর দেহ শোয়ান খাটে।

ক. 'দেনাপাওনা' গল্পে বরপক্ষ কত টাকা পণ চেয়েছিল? ১

খ. "আমায় তোরা আমার সত্য পালন করতে দিবি নে?" ব্যাখ্যা কর। ২

গ. মমতা রানীর স্বামীর সাথে নিরূপমার স্বামীর পার্থক্য দেখাও। ৩

ঘ. উদ্দীপকে বর্ণিত মমতা ও 'দেনাপাওনা' গল্পের নিরূপমার করুণ পরিণতির কারণ একই, তা প্রমাণ কর। ৪

## খ অংশ — পদ্য

৪. ▶ সুমন পি.এইচ.ডি করতে কানাডা গিয়েছে। সেখানে যাবার পর থেকে দেশের কথা তার খুব মনে পড়ে। সেখান থেকে মাকে চিঠি লিখছে, মা আমার কিছু ভালো লাগে না। সারাক্ষণ অন্তর জুড়ে আছ তুমি আর আমার স্বজনেরা। খুব মনে পড়ে সবাইকে বিশেষ করে তার গ্রামের কথা। বিশ্ববিদ্যালয়ে থাকতে সময় পেলে গ্রামের চলে যেত সে। গ্রাম বাংলার অপরূপ সৌন্দর্য তাকে বিমোহিত করে দিত। এখানে এসে সব স্মৃতি মনে পড়ায় তার কিচ্ছু ভালো লাগে না।

ক. মাইকেল মধুসূদন দত্ত কত সালে খ্রিষ্টধর্ম গ্রহণ করেছিলেন? ১

খ. "কিন্তু এ স্নেহের তৃষ্ণা মেটে কার জলে"— কবির এ প্রশ্ন কেন? ২

গ. উদ্দীপকে সুমন ও মধুসূদনের মধ্যে সাদৃশ্য কোথায়? ব্যাখ্যা কর। ৩

ঘ. সুমন ও মধুসূদনের ভাবানুভূতির আড়ালে যে মহতী আবেগ কাজ করেছে তার স্বরূপ বিশ্লেষণ কর। ৪

৫. ▶ ইহার চেয়ে হতেম যদি
আরব বেদুইন
চরণ-তলে বিশাল মরু
দিগন্তে বিলীন।
ছুটছে ঘোড়া, উড়ছে বালি,
জীবন স্রোতে আকাশ ঢালি
হৃদয়-তলে বহ্নি জ্বালি
চলছে নিশিদিন।

http://teachingbd.com

ক. ঝর্ণা কার বোল সাধে? ১

খ. 'আমার চাই মুগ্ধ চোখ'— বলকে কী বোঝানো হয়েছে? ২

গ. উদ্দীপকে প্রকাশিত বেদুইনের কর্মক্ষেত্র 'ঝর্ণার গান' কবিতার কোন দিকটির সাথে সামঞ্জস্যপূর্ণ? ব্যাখ্যা কর। ৩

ঘ. "উদ্দীপকে কবি সত্যেন্দ্রনাথ দত্তের অনুভূতির প্রতিফলন ঘটেছে।" বক্তব্যটি বিশ্লেষণ কর। ৪

৬. ▶ শাবাশ বাংলাদেশ, এ পৃথিবী
অবাক তাকিয়ে রয়;
জ্বলে-পুড়ে-মরে ছারখার
এবার লোকের ঘরে ঘরে যাবে
সোনালি নয়কো, রক্ত রঙিন ধান

ক. কার ফুসফুস এখন পোকার দখলে? ১

খ. 'তুমি আসবে বলে ছাই হলো গ্রামের পর গ্রাম'— ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকটি 'তোমাকে পাওয়ার জন্য, হে স্বাধীনতা' কবিতার কোন অংশের অনুরূপ? ব্যাখ্যা কর। ৩

ঘ. "উদ্দীপকে 'তোমাকে পাওয়ার জন্য, হে স্বাধীনতা'র মূলভাব ভিন্নভাবে প্রকাশিত হয়েছে।" তোমার মতামতের সপক্ষে যুক্তি দাও। ৪

## গ অংশ — সহপাঠ

৭. ▶ "সেদিনের সকালটা আর দশটা দিনের মতোই শুরু অইছিল। কিন্তু কয়েক মুহূর্তে যেন কেয়ামত শুরু হইয়া গ্যালো। মিলিটারির গাড়ি আইসা এক্কেবারে যমের নাগাল গেরামের মধ্যিখানে খাড়া অইল। তারপর শুরু হইল গোলাগুলি, আগুন, চিল্লাচিল্লি, দৌড়াদৌড়ি, কান্নাকাটি, হুলুস্থুল সবকিছু। 'ইধার আও, উধার যাও' এমনি সব গায়ে কাঁটা দেয়া হুকুম। গেরামের বাজারটা দাও দাও করি জ্বলছিল। আর তার পাশেই গেরামের বেবাক জোয়ান লোকগুলোরে গুলি কইরা মারল।"— রায়েরবাজার বধ্যভূমিতে দাঁড়িয়ে এক প্রতিবেদকের কাছে ধামরাইয়ের রহিমা খাতুন কথাগুলো এক নিঃশ্বাসে বলে গেলো।

ক. কি বুধাকে কাবু করতে পারে না? ১

খ. 'আধপোড়া বাজারটির দিকে তাকিয়ে ওর চোখ লাল হতে থাকে কেন?'— ব্যাখ্যা কর। ২

http://teachingbd.com

গ. উদ্দীপকটিতে 'কাকতাড়ুয়া' উপন্যাসের কোন দিকটি প্রতিফলিত হয়েছে চিহ্নিত কর। ৩

ঘ. "কিন্তুক কয়েক মুহূর্তে যেন কেয়ামত শুরু হইয়া গ্যালো"— উদ্দীপক ও 'কাকতাড়ুয়া' উপন্যাস উভয় ক্ষেত্রেই এ কথাটি প্রতিভাত হয়েছে। —মূল্যায়ন কর। ৪

৮.▶ লাইন ধরে এগিয়ে চলে দলটা। যেন প্যারেড করছে, দূর থেকে তাই মনে হবে। কিন্তু কাছ থেকে দেখলে বোঝা যায়, পায়ে জোর নেই। চোখে শুকিয়ে যাওয়া পানির দাগ। পেটে ক্ষুধা, চোখে কান্না। বিভিন্ন বয়সী ওরা। গ্রাম থেকে এদের নিয়ে যাওয়া হচ্ছে মিলিটারি ক্যাম্পে। মাটি কাটার কাজ, রান্নার কাজ, মাল টানার কাজ করানোর জন্য। কারো মুখে কোনো শব্দ নেই। যেন নিঃশব্দের মাঝে নিয়তিকে ছেড়ে দিয়েছে। পুতুলের মতো শুধু এগিয়ে যাচ্ছে। নিজেদের যেন কোনো ইচ্ছা নেই, আছে শুধু কান্না।

ক. কে মাইন নিয়ে এসেছিল? ১

খ. দেশ স্বাধীন হলে শাহাবুদ্দিন কেন বুধার ছবি আঁকবে? ২

গ. উদ্দীপকে 'কাকতাড়ুয়া' উপন্যাসের কোন দিকটি ফুটে উঠেছে? ৩

ঘ. "উদ্দীপক ও কাকতাড়ুয়া' উপন্যাসে হানাদারের নৃশংসতা প্রকাশ পেয়েছে।" আলোচনা কর। ৪

৯.▶ কৃষ্ণমনি, কৃষক আবু মোল্লার বউ নূরুন্নেহারকে বলে, "মেয়ে মানুষের অদৃষ্ট বইন। আমি তুমি হলাম খুঁটিতে বাঁধা ছাগল। চক্কর খেয়ে মলেম, কিন্তু সখ আহলাদ কারে কয়, দেখতে পেলাম না। তোর এই রূপের ডালি সে কি চাষার ঘরের জিনিস? রাজা জমিদার যদি একবার এই রূপ নয়ন মেলে দেখত!' জবাবে নূরুন্নেহার তাকে বলে— 'রাজা জমিদার কোনোদিন চোখেও দেখিনি, দেখতেও পাব না। আমার যে আছে সেই অনেক।'

ক. 'বহিপীর ' নাটকে 'লেবাস' শুকাতে দিয়েছিল কে? ১

খ. "মনে হয় তাহাতে পবিত্রতা নাই, গাম্ভীর্য নাই।"— ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকটি 'বহিপীর' নাটকের কোন অংশের সাথে সাদৃশ্যপূর্ণ? ব্যাখ্যা কর। ৩

ঘ. "উদ্দীপকে সুন্দরী মেয়েটিকে আশ্রয়দান এবং 'বহিপীর' নাটকে তাহেরাকে আশ্রয়দান পুরোপুরি এক নয়।" মন্তব্যটি বিশ্লেষণ কর। ৪

http://teachingbd.com

## এস এস সি পরীক্ষা ২০১৬ এর মডেল প্রশ্ন (সকল বোর্ডের জন্য)

সময় — ৪০ মিনিট  পূর্ণমান — ৪০  বাংলা প্রথম পত্র: নৈর্ব্যক্তিক অভীক্ষা  বিষয় কোড: ১ ০ ১

*[বিশেষ দ্রষ্টব্য: সরবরাহকৃত নৈর্ব্যক্তিক অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান ১।]*

**১. শান্তি কমিটির চেয়ারম্যান হয়েছিল কে?**
ক) মতিউর  খ) হাশেম
গ) আহাদ মুন্সি  ঘ) হরি কাকু

**উদ্দীপকটি পড় এবং ২ ও ৩ নং প্রশ্নের উত্তর দাও :**
এক বছরের সুষমাকে যখন অপরিচিত কেউ কোলে নিতে চায় তাতে সে কিছুতেই স্বাচ্ছন্দ্য বোধ করে না, ছটফট করে। কিন্তু তার মায়ের কোলে কী সুন্দর করেই না হেসে খেলে বেড়ায়।

**২. উদ্দীপকটির সাথে সাদৃশ্যপূর্ণ অংশ পাওয়া কোন রচনাটিতে—**
ক) আমার সন্তান  খ) পল্লিজননী
গ) পালামৌ  ঘ) দেনাপাওনা

**৩. উদ্দীপকটির মূলভাব কোন বিষয়টিকে প্রতিনিধিত্ব করে?**
ক) অনিশ্চয়তাকে
খ) ভয়ভীতিকে
গ) যথোপযুক্ত পরিবেশকে
ঘ) মায়ের কাছেই শিশু সবচেয়ে যত্নে থাকে

**৪. তাহা যেন পণের টাকার পরিবর্তে বন্ধক রাখিয়াছে। তাহা বলতে কীসের কথা বলা হয়েছে?**
ক) নিজের কন্যার উপর স্বাভাবিক অধিকার
খ) আত্মসম্মানবোধ
গ) পরিবারের সম্মান
ঘ) মেয়ের জন্য যে স্নেহ

**৫. ডেমোক্রেসির গুরুরা কী চেয়েছিলেন?**
ক) সকলকে বড় মানুষ করতে
খ) সকলের মাথা উঁচু করতে
গ) সকলকে অধিকার সম্পর্কে সচেতন করতে
ঘ) সকলের প্রাপ্য বুঝিয়ে দিতে

**৬. কবি হেমচন্দ্র আয়ুকে কীসের সাথে তুলনা করেছেন?**
ক) নদীর জল  খ) পুকুরের জল
গ) শৈবালের জল  ঘ) ফটিক জল

**৭. তোমাকে পাওয়ার জন্যে, হে স্বাধীনতা' কবিতায় কার ফুসফুস পোকার দখলে?**
ক) রহিম শেখ  খ) কামাল শেখ
গ) রুস্তম শেখ  ঘ) কাবুল শেষ

**উদ্দীপকটি পড় এবং ৮ ও ৯ নং প্রশ্নের উত্তর দাও :**
মহান বীর ফ্লাইট লেফটেনেন্ট মতিউর রহমান দেশের জন্য জীবনের ঝুঁকি নিয়ে পাকিস্তান ত্যাগ করেছিলেন। রেখে এসেছিলেন মাহিন, তুহিন আর মিলিকে কিন্তু শেষ রক্ষা হয়নি। বিমান বিধ্বস্ত হয়ে তিনি শহিদ হন।

**৮. উদ্দীপকটি মুক্তিযোদ্ধাদের কোন মনোভাবের পরিচায়ক?**
ক) মুক্তিযোদ্ধার যুদ্ধ চালিয়ে যাওয়া
খ) মুক্তিযোদ্ধার পলায়ন করা
গ) মুক্তিযোদ্ধার পরাজিত হওয়া
ঘ) মুক্তিযোদ্ধার আপোশহীন মনোভাব

**৯. উদ্দীপকের সাথে 'কাকতাড়ুয়া' উপন্যাসটির সাদৃশ্যপূর্ণ ভাবটি হলো—**
i. মুক্তিবাহিনীর অবদান
ii. প্রাণের চেয়ে দেশ বড়
iii. রাজাকাররা নির্মম ও নিষ্ঠুর
**নিচের কোনটি সঠিক?**
ক) i  খ) ii
গ) i ও iii  ঘ) i ও ii

**১০. মোতাহের হোসেন চৌধুরী নিচের কোন পত্রিকার সঙ্গে যুক্ত ছিলেন?**
ক) শিখা  খ) মাহে নও
গ) রাঙা প্রভাত  ঘ) কল্লোল

**১১. শিক্ষার সুফল সমষ্টিগতভাবে হবে কখন?**
i. অন্নবস্ত্রের প্রাচুর্যের চেয়েও মুক্তি বড় হলে
ii. অর্থচিন্তার নিগড়ে সকলে বন্দি হলে
iii. অর্থসাধনাই জীবন সাধনা হলে
**নিচের কোনটি সঠিক?**
ক) i  খ) ii
গ) i ও ii  ঘ) i ও iii

**১২. 'গল্প করা এ বয়সের রোগ'— এখানে বৃদ্ধের কোন বৈশিষ্ট্যকে বোঝানো হয়েছে?**
ক) বদ অভ্যাস  খ) বয়সের বাতিক
গ) বাচালতা  ঘ) পাণ্ডিত্য

**১৩. 'পল্লিজননী' কবিতায় কয়টি পাখির নাম আছে?**
ক) ৪টি  খ) ৫টি
গ) ৬টি  ঘ) ৭টি

**১৪. 'বাদলের ধারা ঝরে ঝরো-ঝরো, আউসের ক্ষেত জলে ভরো-ভরো'— পঙ্‌ক্তিটির বিপরীতভাব প্রকাশক বাক্যটি হলো—**
ক) রুক্ষ মাঠ অসমান শোনে সেই বর্ষণের সুর
খ) রৌদ্র-দগ্ধ ধান ক্ষেত আজ তার স্পর্শ পেতে চায়
গ) তৃষিত বনের সাথে জেড়ে ওঠে তৃষাতপ্ত মন
ঘ) সেখানে বর্ষার মেঘ জাগে আজ বিষণ্ন মেদুর

**১৫. 'জমিলার মার শূন্য খা-খা রান্না ঘর' কীসের প্রতীক?**
ক) গ্রাম বাংলার রান্নাঘর
খ) গ্রাম বাংলার সাধারণ মানুষ
গ) গ্রাম বাংলার অনাহারী মানুষ
ঘ) দারিদ্র্য পীড়িত গ্রাম বাংলা

**১৬. 'নূরলদীনের সারাজীবন' কী জাতীয় রচনা?**
ক) উপন্যাস  খ) কবিতা
গ) নাটক  ঘ) গল্প

**উদ্দীপকটি পড় এবং ১৭ ও ১৮ নং প্রশ্নের উত্তর দাও :**
মাতব্বর ধূর্ত প্রকৃতির লোক। বয়স হলেও স্বভাব বদলায়নি। বুড়ো বয়সে সে কলিমদ্দীর মেয়েকে বিয়ে করতে চায়। কিন্তু মেয়েটি বিয়ের রাতেই রাজেনের সাথে পালিয়ে যায়। অবশেষে মাতবর তা মেনে নেয়।

**১৭. উদ্দীপকে মাতবরের সাথে বহিপীর নাটকের কোন চরিত্রের মিল আছে?**
ক) গফুর  খ) বহিপীর
গ) তর্করত্ন  ঘ) শিবচরণ

Teachingbd.com

১৮. শেষ অবস্থা মোকাবেলায় উভয় চরিত্রের যে বৈশিষ্ট্য নির্দেশ করে—
i. বুদ্ধিমত্তার
ii. বাস্তব জ্ঞানসম্পন্ন
iii. মানবিক চেতনা
নিচের কোনটি সঠিক?
ⓚ i ⓚ ii
ⓖ i ও iii ⓖ i ও ii

১৯. 'যুদ্ধে শত্রুরা কখন হেরে যায়?
ক) সবাই ঐক্যবদ্ধ হলে
খ) আধুনিক অস্ত্র থাকলে
গ) সৈন্য সংখ্যা বেশি হলে
ঘ) উন্নত প্রশিক্ষণ থাকলে

২০. রেসকোর্স ময়দানের অবস্থান হলো—
ক) রমনায় খ) মালিবাগে
গ) মতিঝিলে ঘ) ধানমণ্ডিতে

২১. 'বহিপীর' নাটকে পীর সাহেবের বাড়ি কোথায়?
ক) সুনামগঞ্জ খ) নেত্রকোনা
গ) লক্ষ্মীপুর ঘ) কেশবপুর

২২. নিরুপমা ছিল রায় চৌধুরীদের বাড়ির—
ক) বড় বউ খ) মেজ বউ
গ) সেজ বউ ঘ) ছোট বউ

২৩. 'পালামৌ' রচনায় 'পাথুরে ছেলে' বলতে লেখক বুঝিয়েছেন—
i. কৃষ্ণবর্ণ ছেলে
ii. পাহাড়ি ছেলে
iii. পাষাণের মতো ছেলে
নিচের কোনটি সঠিক?
ক) i খ) ii
গ) i ও ii ঘ) ii ও iii

২৪. 'অন্নদামঙ্গল' কাব্য কোন যুগের কাব্য?
ক) প্রাচীন যুগের খ) মধ্যযুগের
গ) অন্ধকার যুগের ঘ) আধুনিক যুগের

২৫. 'প্রাণ' কবিতায় কবি মানব হৃদয়ে স্থান পেতে চেয়েছেন—
ক) সম্পর্কের মাধ্যমে খ) সুরের মাধ্যমে
গ) সৃষ্টির মাধ্যমে ঘ) স্মৃতির মাধ্যমে

২৬. মায়ের চোখে পানি ঝরে ছেলের—
i. শোকে
ii. স্নেহের আতিশয্যে
iii. জীবন আশঙ্কায়
নিচের কোনটি সঠিক?
ক) i খ) ii
গ) i ও ii ঘ) iii

২৭. বিশাল পরিধির একটি বিষয়ের নাম কী?
ক) সাহিত্য খ) কবিতা
গ) নাটক ঘ) উপন্যাস

২৮. কার বক্তব্য শোনার জন্য লক্ষ লক্ষ মানুষ অপেক্ষা করছিল?
ক) জিন্নাহর খ) গাজীউল হকের
গ) নজরুলের ঘ) বঙ্গবন্ধুর

২৯. মহাকাব্য কোন কাহিনি অবলম্বনে রচিত হয়?
ক) কবিতা কাহিনি
খ) বিগ্রহের কাহিনি
গ) রাজার কাহিনি
ঘ) সাধারণ মানুষের কাহিনি

৩০. হানাদারদের প্রতিরোধ করার জন্য কারা সারারাত জেগে থাকে?
ক) নীলকমলেরা খ) রাজাকাররা
গ) মিত্রবাহিনী ঘ) বীরাঙ্গনারা

৩১. কৈবর্ত বিদ্রোহের সাথে জড়িত রয়েছে—
i. বাঙালির বিদ্রোহের ঐতিহ্য
ii. বাঙালির স্বাধিকার চেতনা
iii. বাঙালির ধর্মান্দোলনের ঐতিহ্য
নিচের কোনটি সঠিক?
ক) i খ) ii
গ) i ও ii ঘ) i, ii ও iii

৩২. 'হিজরত' এর শাব্দিক অর্থ কোনটি?
ক) পরিত্যাগ খ) জীবনদান
গ) সাহায্য করা ঘ) জয়ী হওয়া

৩৩. 'রাহী' শব্দের অর্থ কী?
ক) সাথী খ) মুসাফির
গ) প্রথপ্রদর্শক ঘ) বন্ধু

৩৪. দুর্গা অপুকে কেমন ছেলে বলেছে?
ক) ভালো খ) দুষ্টু
গ) বুদ্ধিমান ঘ) হাবা

৩৫. 'আম খেতে দাঁত টকে গিয়েছে'— কথাটি দুর্গা বলেছে—
ক) কিল দেখিয়ে খ) মুখ ভেঙচিয়ে
গ) লাথি দেখিয়ে ঘ) লাঠি দেখিয়ে

**উদ্দীপকটি পড় এবং ৩৬ ও ৩৭ নং প্রশ্নের উত্তর দাও :**
হরিদাস রাস্তা ঝাড়ু দেয়। পুরোহিত মশাই সেই রাস্তা দিয়ে যাওয়ার সময় হরিদাস পা ছুঁয়ে প্রণাম করে। তখনই পুরোহিত দূরে সরে গিয়ে হরিদাস ছুঁয়ে দিয়েছে বলে তাকে বকাবকি করতে থাকে।

৩৬. 'অভাগীর স্বর্গ' গল্পের কোন বিষয়টি উদ্দীপকের মধ্যে প্রতিফলিত?
ক) সাদা কালো পার্থক্য খ) জাত প্রথার প্রভেদ
গ) পরিবারের পার্থক্য ঘ) ধর্মের পার্থক্য

৩৭. উদ্দীপকের পুরোহিতের সাথে 'অভাগীর স্বর্গ' গল্পের কোন চরিত্রের মিল রয়েছে?
ক) অধর রায় খ) রসিক দুলে
গ) ঠাকুরদাস মুখুয্যে ঘ) কাঙালি

৩৮. যার ঘর নেই তার চারিদিকে কী থাকবে?
ক) পোড়া ঘর খ) সোনার ঘর
গ) কুপির তেল ঘ) ঘুটঘুটে অন্ধকার

৩৯. খালা বুধাকে কী বলে ডাকতে চায়?
ক) মিঠু খ) যুদ্ধ
গ) মধু ঘ) বঙ্গবন্ধু

৪০. স্বাধীনতা যুদ্ধকালীন সময়ে সৈয়দ ওয়ালীউল্লাহ্ বাংলাদেশের পক্ষে কোথায় কাজ করেন?
ক) নেত্রকোনা খ) আমেরিকা
গ) ঢাকা ঘ) প্যারিস

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| উত্তর | ১ | গ | ২ | গ | ৩ | গ | ৪ | ক | ৫ | গ | ৬ | গ | ৭ | গ | ৮ | ঘ | ৯ | ঘ | ১০ | ক | ১১ | ক | ১২ | গ | ১৩ | ক | ১৪ | খ | ১৫ | ঘ | ১৬ | গ | ১৭ | খ | ১৮ | ঘ | ১৯ | ক | ২০ | ক |
| | ২১ | ক | ২২ | ক | ২৩ | গ | ২৪ | খ | ২৫ | গ | ২৬ | ঘ | ২৭ | ক | ২৮ | ঘ | ২৯ | ঘ | ৩০ | ক | ৩১ | গ | ৩২ | ক | ৩৩ | খ | ৩৪ | ঘ | ৩৫ | খ | ৩৬ | খ | ৩৭ | ক | ৩৮ | খ | ৩৯ | গ | ৪০ | ঘ |

http://teachingbd.com